



চাঁপাইনবাবগঞ্জ: কৃষকদের মাঝে বীজ ও রাসায়নিক সার প্রদান করেন অতিথিবৃন্দ

-গোড় বাণী

সরকারের পুনর্বাসন ও প্রণোদনা কর্মসূচি

চাঁপাইনবাবগঞ্জের বীজ ও সার পাচ্ছেন ২২ সহস্রাধিক কৃষক

নিজস্ব প্রতিবেদক

সরকারের কৃষক পুনর্বাসন ও প্রণোদনা কর্মসূচির আওতায় চাঁপাইনবাবগঞ্জ জেলায় ২২ হাজার ২শ জন কৃষককে দেয়া হচ্ছে বিভিন্ন ধরনের বীজ ও রাসায়নিক সার। এরমধ্যে ৮ হাজার ৫০০ জনকে পুনর্বাসন এবং ১৩ হাজার ৭০০ জনকে প্রণোদনা কর্মসূচির আওতায় এনেছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মুহাম্মদ নজরুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। এদিকে উপজেলা কৃষি অফিসগুলোর উদ্যোগে তালিকাভুক্ত কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণ অব্যাহত রয়েছে। গতকাল সোমবার বিকেলে জেলার সদর উপজেলা কৃষি অফিস ৫ হাজার ২৬০ জনের মাঝে বীজ ও সার বিতরণ করে। ২০২০-২০২১ অর্থবছরে রবি মৌসুমে

বোঝো ধান, গম, ভুট্টা, সরিষা সূর্যমুখী, চিনাবাদাম, মসুর, খেসাড়া, টমেটো, মরিচ শীতকালীন মুগ, পেঁয়াজ ও পরবর্তী খরিপ-১ মৌসুমে গ্রীষ্মকালীন মুগ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মসুর ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে এসব বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়। উপজেলা প্রশাসনের সহযোগিতায় সদর উপজেলা কৃষি অফিস

◆ বাকি অংশ ৩য় পৃষ্ঠায়

চাঁপাইনবাবগঞ্জের বীজ ও

◆ প্রথম পৃষ্ঠার পর

আয়োজিত সার বীজ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ডিসকুল ইসলাম ভূসি, মহিলা ভাইস চেয়ারম্যান নাসরিন আখতার, উপজেলা কৃষি অফিসার কানিজ তাসনোভা ও কৃষি সম্প্রসারণ অফিসার সীমা কর্মকারসহ অন্যরা। উপজেলা রিষদ চত্বরে বিতরণের আয়োজন করা হয়। বিতরণকালে উপজেলা কৃষি অফিসার কানিজ তাসনোভা জানান, কৃষক পুনর্বাসন কর্মসূচির আওতায় ৪শ জন কৃষককে ২০ কেজি করে গম বীজ, ৫শ জন কৃষককে ১ কেজি করে সরিষা বীজ এবং ১০ কেজি করে ডিএপি ও এমওপি সার, ২শ জন কৃষককে ১ কেজি করে সূর্যমুখী বীজ, ১৫০ জনকে ১০ কেজি করে চিনাবাদাম বীজ, ৩শ জনকে ৫ কেজি করে মসুর বীজ এবং ৫ কেজি করে ডিএপি ও এমওপি সার, ২০০ জনকে ৮ কেজি করে খেসাড়া বীজ এবং ৫ কেজি করে ডিএপি ও এমওপি সার, ১৫০ জনকে শূন্য দশমিক ৫ কেজি টমেটো বীজ এবং ১০ কেজি করে ডিএপি ও এমওপি সার, ১০০ জনকে শূন্য দশমিক ৩০ কেজি মরিচ বীজ এবং ১০ কেজি করে ডিএপি ও এমওপি সার বিতরণ করা হচ্ছে। অপর দিকে কৃষক প্রণোদনা কর্মসূচির আওতায় ৩৮০ জন কৃষককে ১ কেজি করে বোরো ধান বীজ এবং ১০ কেজি করে ডিএপি ও এমওপি সার। ২২০ জন কৃষককে ২০ কেজি করে গম বীজ এবং ১০ কেজি করে ডিএপি ও এমওপি সার, ১৩শ জন কৃষককে ২ কেজি করে ভুট্টা বীজ এবং ২০ কেজি ডিএপি ও ১০ এমওপি সার, ১২শ জন কৃষককে ১ কেজি করে সরিষা বীজ এবং ১০ কেজি করে ডিএপি ও এমওপি সার, ১৫০ জন কৃষককে শূন্য দশমিক ২৫০ কেজি পেঁয়াজের বীজ এবং ৫ কেজি করে ডিএপি ও এমওপি সার ও ১০ জন কৃষককে ৫ কেজি করে মুগ ডালের বীজ এবং ১০ কেজি ডিএপি ও ৫ এমওপি সার বিতরণ করা হয়।



নাচোলে বিসিআইসি সার

◆ প্রথম পৃষ্ঠার পর

অভিযোগের ভিত্তিতে ড্রামামাণ আদালত তার সারের গুদামে অভিযান পরিচালনা করেন। অভিযানে ৮শ টাকার বেশি মূল্যে বিক্রির সময় হাতেনাতে তাকে ধরা হয়। এ-সময় ড্রামামাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার সবিহা সুলতানা তাকে ১৫ হাজার টাকা দণ্ড করেন।



নাচোলে কৃষকের মাঝে

প্রথম পৃষ্ঠার পর

সরকারের পুনর্বাসন ও প্রণোদনা কর্মসূচির আওতায় ১৩শ জন কৃষককে ১০ জন সুবিধাভোগীর প্রত্যেকের মাঝে ১০ কেজি করে বারি-১৪ সরিষার বীজ বিনামূল্যে প্রদান করা হয়।

